সংবাদ

তারিখ ... 02 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# নূরজাহান ছিলেন নারী সাংবাদিকতার উজ্জ্বল নক্ষত্র

— নারী সাংবাদিক কেন্দ্র

নিজস্ব বার্তা পরিবেশক

নূরজাহান বেগম ছিলেন নারী সাংবাদিকতার উজ্জ্বল নক্ষত্র। তার মতো জ্ঞানী মানুষ হয়তো আর আমরা পাব না। তিনিই প্রথম নারী সাংবাদিক হিসেবে একটি পত্রিকার সম্পাদকের দায়িত্ব নিয়েছিলেন। একজন সম্পাদক হওয়া হয়তো কঠিন নয়, কিন্তু একজন নারী সম্পাদক হয়ে পুরো একটি পত্রিকার নিয়ন্ত্রণ সহজতর নয়।

নারী সাংবাদিকতার পথিকৃৎ নূরজাহান বেগমের মৃত্যুতে আয়োজিত শোক সভায় বক্তারা এসব কথা বলেন। মঙ্গলবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ নারী সাংবাদিক কেন্দ্র এই শোকসভার আয়োজন করে। নারী সাংবাদিক কেন্দ্রের সভাপতি নাসিমুন আরা হকের সভাপতিত্বে শোকসভা পরিচালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক অদিতি রহমান। বক্তব্য রাখেন সংগঠনের সহ-সভাপতি দিল মনোয়ারা মনু, কোষাধ্যক্ষ আখতার জাহান মালিক, নূরজাহান বেগমের বড় মেয়ে ফ্লোরা নাসরিন খান, বড় মেয়ের জামাতা ফজলুর রহমান খান, ছোট মেয়ে রীনা ইয়াসমিন খান, কবি নাসরিন নয়ীম, নাট্যকার ও ক্রীড়াবিদ আলেয়া ফেরদৌসি প্রমুখ।